

ছাত্রী ধর্ষণের অভিযোগ যবিপ্রবি শিক্ষকের বিরুদ্ধে মামলা

যশোর ব্যুরো

ছাত্রীকে ধর্ষণের অভিযোগে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) এক শিক্ষকের নামে মামলা হয়েছে। অভিযুক্ত শিক্ষক সৈয়দ মাহফুজ আল হাসান বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের সহকারী অধ্যাপক ও দিনাজপুর জেলার বিরল গ্রামের সৈয়দ ফাহিম আল হাসানের ছেলে। শুক্রবার যশোর কোতোয়ালি থানায় ডুজনভোগী শিক্ষার্থী বাদী হয়ে মামলা করেছেন। ডুজনভোগী ছাত্রী একই বিভাগের অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী।

তিনি মেহেরপুরের বাসিন্দা। মামলায় উল্লেখ করা হয়েছে, শিক্ষার্থী পড়াশোনার সুবাদে শহরের পালবাড়ী এলাকায় বাসা ভাড়া করে থাকেন। বছর দুয়েক আগে থেকে অভিযুক্ত শিক্ষক তার বাসায় আসা-যাওয়া করতেন। এর সূত্র ধরে তাকে প্রেমের ফাঁদে ফেলে ধর্ষণ করেন। কিন্তু বিয়ের প্রলোভন দেখালেও শেষ পর্যন্ত শিক্ষক তাকে বিয়ে করতে রাজি হননি। তাই বাধ্য হয়ে তিনি আইনের আশ্রয় নিয়েছেন।